DL828543074BD

২৯/৮/২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ডাক বিভাগ
সহকারী পোস্টমাস্টার জেনারেল কাম পোস্টমাস্টার,
নোয়াখালী প্রধান ডাকঘর এর কার্যালয়,নোয়াখালী-৩৮০০
(Website: www.bdpost.gov.bd)
Email:pmnoakhaliho@gmail.com

স্মারক নং বি-১/স্টাফ/ নিয়োগ/২য় খন্ড/২৩ তারিখ : ২৪/০৮/২০২৩খ্রি.

নিয়োগ পত্র

ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, ডাক-১, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর স্মারক নং- ১৪.০০.০০০০.০০৬.১১.০৩০.১৮.১৬৬, তারিখঃ ০৯-০৯-২০১৮ খ্রিঃ এর প্রেক্ষিতে ডাক অধিদপ্তর, ডাক ভবন, ঢাকা এর স্মারক নং- ই/২২-২৪/২০১৩ (অংশ-১) ৬২৬, তারিখঃ ১৭-১২-২০১৮ খ্রিঃ, স্মারক নং- ১৪.৩১.০০০০.০২৯.১১.০০১.১৯.২৩০, তারিখঃ ০৫-০৫-২০১৯ খ্রিঃ এবং স্মারক নং- ১৪.৩১.০০০০.০২৯.১১.০০১.১৯.২২১, তারিখঃ ২৫-০৬-২০২০ খ্রিঃ মূলে প্রাপ্ত ৩য় শ্রেণি (গ্রেড ১১-১৬) এবং ৪র্থ শ্রেণির (গ্রেড ১৭-২০) বিভিন্ন পদের ছাড় পত্রের প্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং ০৫.১৭০.০২২.২০.০০.০৪৩.২০১০.১৪৩ তারিখ ০৫ মে ২০১৩ খ্রিঃ এর নির্দেশনা মোতাবেক স্ব স্ব প্রতিষ্ঠান কর্তৃক মনোনীত প্রতিনিধিদের সমন্বয়ে গঠিত নির্বাচন/বাছাই কমিটি কর্তৃক চূড়ান্তভাবে সুপারিশক্রমে পদভিত্তিক নিম্নোক্ত রোল নম্বরধারী প্রার্থীদেরকে (মেধাক্রম অনুযায়ী) পোস্টমাস্টার জেনারেল, পূর্বাঞ্চল, চট্টগ্রাম এর স্মারক নং কর্ম-১৩/ছাড়পত্র/সরাসরি কোটা/২০১৯/পার্ট-১ তারিখ ২০/০৮/২০২৩ খ্রিঃ এর নির্দেশনানুসারে (**নোয়াখালী প্রধান ডাকঘর**) এর "পোস্টাল অপারেটর" (গ্রেড-১৫) এর শূন্য পদে জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী ৯,৭০০-২৩,৪৯০ টাকার বেতনক্রমে নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

ক্রমিক নং	প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম	স্থায়ী ঠিকানা	পদের নাম	মেধাক্রম	রোল নম্বর
১	মাহিরুল ইসলাম পিতা-আবদুল মালেক মাতা-নুর নাহার বেগম	প্রযত্নে- জব্বারঘাট মাঝির বাড়ি, গ্রাম-মালিপাড়া,ডাকঘর-কালামুন্সি বাজার-৩৮০০, উপজেলা-কবিরহাট,জেলা-নোয়াখালী	পোস্টাল অপারেটর	১ম	১৪০২৩১৮২
২	ফয়সাল উদ্দিন আহম্মদ পিতা-নাছির উদ্দিন আহম্মদ, মাতা-জেসমিন আক্তার	প্রযত্নে- তোফায়েল মাস্টার বাড়ী গ্রাম-আম্বারনগর,ডাকঘর-আম্বরনগর ৩৮২৫,উপজেলা-সোনাইমুড়ি,জেলা-নোয়াখালী।	পোস্টাল অপারেটর	২য়	১৪০৩৯৩১৫
৩	বিদ্যুৎ চন্দ্র দাস,পিতা-রায়মোহন চন্দ্র দাস, মাতা- মিন্টু রানী দাস	প্রযত্নেঃ হরেকৃষ্ণ ডাক্তার বাড়ী, গ্রাম-কেশারপাড়, ডাকঘরঃ কেশারপাড়-৩৮৬৩, উপজেলা-সেনবাগ, জেলা-নোয়াখালী	পোস্টাল অপারেটর	৩য়	১৪০০১৫২৩
৪	রাজিব চন্দ্র দাস, পিতা-উত্তম চন্দ্র দাস, মাতা-সন্ধ্যা রানী দাস	প্রযত্নেঃ উত্তম বাবুর বাড়ী, গ্রাম-জগন্নাথপুর, নলেরচর, ডাকঘর-হাতিয়া বাজার-৩৮৯০, উপজেলা-হাতিয়া, জেলা-নোয়াখালী	পোস্টাল অপারেটর	৪র্থ	১৪০০৭২৫০
৫	রুবেল মাহমুদ পিতা- আবুল কাশেম, মাতা-রাশেদা আক্তার	প্রযত্নেঃ আসলাম ফরাজী বাড়ী, গ্রাম-আলাদিনগর,ডাকঘর-টিপিবটিকা ৩৮৩২,উপজেলা-বেগমগঞ্জ,জেলা-নোয়াখালী।	পোস্টাল অপারেটর	৫ম	১৪০৪০৫৭০

৬	মোঃ ইদ্রিছ পিতা-মোঃ শাহাজাহান, মাতা-আক্তারী বেগম	প্রযত্নেঃ শাহাজান মিয়ার বাড়ী, গ্রাম- দক্ষিন ফকিরপুর,ডাকঘর-আবদুল্যাপুর মিয়া বাড়ী-৩৮০২, উপজেলা-সদর,জেলা-নোয়াখালী	পোস্টাল অপারেটর	৬ষ্ট	১৪০৩১৩০৬
৭	মোঃ ফয়সাল আহাম্মদ, পিতা- আবুল কাসেম খন্দকার, মাতা-মিনারা বেগম	প্রযত্নেঃ খন্দকার বাড়ী,গ্রাম-চরবংশী ,ডাকঘর-চরবংশী-৩৭১৩, উপজেলা-রায়পুর, জেলা-লক্ষ্মীপুর	পোস্টাল অপারেটর	৭ম	১৪০০২৫৩২

শর্তাবলীঃ

১) প্রার্থীকে আগামী ২০/০৯/২০২৩ খ্রিঃ তারিখ সকাল ৯:০০ ঘটিকা হতে বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে স্থান (নোয়াখালী প্রধান ডাকঘর) যোগদান পত্র দাখিল করতে হবে। অন্যথায় এই নিয়োগাদেশ বাতিল বলে গণ্য হবে।

২) প্রার্থীকে যোগদানের সময় Online Applicant's Copy, শিক্ষাগত যোগ্যতাসহ অন্যান্য যোগ্যতা ও অভিজ্ঞতার (প্রযোজ্য ক্ষেত্রে) সত্যায়িত ফটোকপি, প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা তিন কপি রঙিন পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি, নাগরিকত্ব সনদের সত্যায়িত ফটোকপি এবং লিখিত পরীক্ষার প্রবেশ পত্র জমা প্রদান করতে হবে।

৩) সংশ্লিষ্ট কাগজপত্রসমূহের মূলকপি যোগদানের সময় আবশ্যিকভাবে প্রদর্শন করতে হবে।
উপস্থাপিত সনদপত্র/ সনদপত্রসমূহ যোগদানকালে বা যোগদানের পর যে কোন সময় ভুয়া/অসত্য প্রমাণিত হলে কোনরুপ কারণ দর্শানো ব্যতীত নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

৪ প্রার্থীকে যোগদানের সময় সংশ্লিষ্ট জেলার সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত স্বাস্থ্যগত সনদপত্র এবং ডোপ টেস্ট সনদ দাখিল করতে হবে। স্বাস্থ্যগত যোগ্যতা সংক্রান্ত প্রচলিত সরকারি সকল নিয়ম-কানুন এ ক্ষেত্রে প্রযোজ্য হবে।

৫ প্রার্থীকে ২ (দুই) বৎসরের শিক্ষানবিশকাল অতিবাহিত করতে হবে। এই ২ (দুই) বৎসর শিক্ষানবিশকাল সন্তোষজনক হলে অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে তাকে চাকরিতে স্থায়ী করা হবে। শিক্ষানবিশকাল সন্তোষজনক না হলে চাকরি হতে অব্যাহতি দেয়া যাবে।

৬ চাকরিতে যোগদানের ০২ (দুই) মাসের মধ্যে প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন কার্য সম্পন্ন করা হবে। পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক না হলে বা কোন বিরূপ মন্তব্য পাওয়া গেলে সংশ্লিষ্ট প্রার্থীকে কোনরুপ কারণ দর্শানো ব্যতীত চাকরিচ্যুত করা যাবে।

৭ প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় 'যৌতুক দেব না, যৌতুক নেব না' মর্মে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিল করতে হবে।

৮ এই নিয়োগাদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে প্রার্থীর চাকরি সংক্রান্ত বিষয়ে 'সরকারি কর্মচারি (আচরণ) বিধিমালা-১৯৭৯', 'সরকারি চাকরি আইন-২০১৮' পিও ম্যানুয়েল এর সংশ্লিষ্ট বিধির শর্তাদি, সরকারি প্রচলিত বিধি-বিধান ও আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে।

৯ পরবর্তীকালে প্রার্থীর কোন যোগ্যতার বা কাগজপত্রের ঘাটতি, দুর্নীতি, সনদ জালিয়াতির প্রমাণ, স্থায়ী ঠিকানা সম্পর্কে ভবিষ্যতে গরমিল, অসত্য তথ্য প্রদান বা উল্লেখযোগ্য (Substantive) ভুলত্রুটি পরিলক্ষিত হলে নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

১০ এই নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে এ নিয়োগ ডাক অধিদপ্তর, সরকারের আইন, বিধিমালা, আদেশে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান/নির্দেশাবলী দ্বারা নিয়ন্ত্রিত হবে।

১১ এই নিয়োগপত্রে কোন ভুলত্রুটি পরিলক্ষিত হলে যথাযথ কর্তৃপক্ষ তা সংশোধনের ক্ষমতা সংরক্ষণ করেন।

১২ চাকরিতে যোগদানের জন্য নিয়োগাদেশে বর্ণিত প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(মোঃ শাহজাহান)
সহকারী পোস্টমাস্টার জেনারেল
কাম পোস্টমাস্টার (চলতি দাঃ)
নোয়াখালী প্রধান ডাকঘর
ফোন- ০২৩৩৪৪৯১৫৭৯

স্মারক নং বি-১/স্টাফ/ নিয়োগ/২য় খন্ড/২৩ তারিখ : ২৪/০৮/২০২৩খ্রি.

অনুলিপি:

১। পোস্টমাস্টার জেনারেল, পূর্বাঞ্চল, চট্টগ্রাম-৪১০০

২। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (ডাক),সেগুনবাগিচা, ঢাকা-১০০০

৩। পরিচালক (কর্মী ও সংস্থাপন), ডাক অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১০০০

৪। প্রোগ্রামার, সেন্টাল আইসিটি সেল, ডাক অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১০০০ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৫। জুনিয়র হিসাব রক্ষক, নোয়াখালী প্রধান ডাকঘর।

৭। সংশ্লিষ্ট নিয়োগপ্রাপ্ত কর্মচারীগণ।

৮। নিয়োগপ্রাপ্ত কর্মচারীগণের নথি ।

৯। অফিস কপি।

(মোঃ শাহজাহান)
সহকারী পোস্টমাস্টার জেনারেল
কাম পোস্টমাস্টার (চলতি দাঃ)
নোয়াখালী প্রধান ডাকঘর
ফোন- ০২৩৩৪৪৯১৫৭৯